ঝিনাইদহে ডেঙ্গু প্রতিরোধে যুবদলের পরিচ্ছন্নতা অভিযান

ঝিনাইদহে ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করেছে জাতীয়তাবাদী যুবদল।

শনিবার (১৯ সেপ্টেম্বর) সকালে শহরের এইচ এস এস সড়কের জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ কর্মসূচীর উদ্বোধন করেন জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ।

সেসময় জেলা যুবদলের সভাপতি আহসান হাবীব রনক, সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু, সহ-সভাপতি আরিফুল ইসলাম আনন, নাসের আহম্মেদ সোহাগ, আবুল কালাম আজাদ সিনিয়র যুগ্ম সম্পাদক আবুল বাশার বাশি, সাংগঠনিক মোস্তাক আহম্মেদ, যুগ্ম সম্পাদক ইমতিয়াজ আহমেদ সোহেল, সদর থানা যুবদলের আহ্বায়ক আশরাফ হোসেন, সদস্য সচিব জুলফিকার আলী ভুট্টো, পৌর যুবদলের আহ্বায়ক মনিরুজ্জামান মামুন, সদস্য সচিব মুক্তার হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

অভিযানে যুবদলের নেতাকর্মীরা এইচ এস এস সড়ক, পায়রা চত্বর, পোস্ট অফিস মোড়, কেসি কলেজ এলাকাসহ বিভিন্ন এলাকার সড়ক, ড্রেন ও আশপাশের জমে থাকা ময়লা-আবর্জনা পরিষ্কার করেন। একই সঙ্গে এডিস মশার প্রজননস্থল ধ্বংস করতে ফগার মেশিন নিয়ে মশক নিধন ঔষধ স্প্রে করেন। পাশাপাশি বাসাবাড়ি ও আশপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে স্থানীয়দের সচেতন করেন।

মুজিবনগরে ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধন

‘দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬’ কর্মসূচি উপলক্ষে মেহেরপুরের মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগে প্রচার অভিযান, আলোচনা সভা ও সচেতনতামূলক পরিষ্কার-পরিচ্ছন্নতা

অভিযান অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১২ সেপ্টেম্বর) সকাল ৯টায় উপজেলা প্রশাসনের আয়োজনে এ কর্মসূচির অংশ হিসেবে প্রথমে প্রচার-পূর্ব আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রুপায়ন দেব।

সভায় নির্বাহী অফিসার বলেন, মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমানের উদ্বোধনের মাধ্যমে দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬ কর্মসূচি শুরু হবে। এ উপলক্ষে সকাল ৯টায় ঝিকরগাছা উপজেলা পরিষদ কনফারেন্স রুমে অনলাইন প্ল্যাটফর্মে উদ্বোধনী অনুষ্ঠান সম্প্রচারের আয়োজন করা হয়।প্রধানমন্ত্রীর উদ্বোধন শেষে উপজেলা পরিষদ চত্বরে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা:আসাদুজ্জামান, মুজিবনগর থানার অফিসার ইনচার্য (তদন্ত) সেলিম রেজা, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা মনিরুজ্জামানসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, শিক্ষক, শিক্ষার্থী ও সামাজিক সংগঠনের প্রতিনিধিরা।

অংশগ্রহণকারীরা ডেঙ্গু প্রতিরোধে জমে থাকা পানি অপসারণ, মশার প্রজননস্থল ধ্বংস এবং নিজ নিজ বাড়ি ও আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার রূপায়ণ দেব বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী তারেক রহমানের ডাকে সাড়া দিয়ে সম্মিলিতভাবে ডেঙ্গু প্রতিরোধে সরকারি উদ্যোগের পাশাপাশি জনসচেতনতা ও সবার সম্মিলিত অংশগ্রহণই সবচেয়ে কার্যকর ভূমিকা রাখতে পারে।

তাই প্রত্যেক নাগরিককে নিজ নিজ অবস্থান থেকে পরিচ্ছন্নতা বজায় রেখে ডেঙ্গুমুক্ত বাংলাদেশ গড়ে তুলতে এগিয়ে আসতে হবে।

[redacted]

[redacted]

জীবননগরে ডেঙ্গু প্রতিরোধ পরিচ্ছন্নতা সপ্তাহ পালন

আজ সোমবার সকালে জীবননগর উপজেলা পরিষদ চত্বরে ডেঙ্গু প্রতিরোধ পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২৩ উপলক্ষে মশক নিধন ও ময়লা আবর্জনা পরিষ্কার কাজের উদ্বোধন করেন জীবননগর উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, জীবননগর পৌরসভার মেয়র রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা ভাইস চেয়ারম্যান আঃ সালাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আয়েশা সুলতানা লাকী, সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র প্রমুখ।

দর্শনা পৌরসভায় ডেঙ্গু প্রতিরোধে গণ সচেতনামূলক আলোচনা সভা

সারা বাংলাদেশে ডেঙ্গু আতংকে ভুগছে ঠিক তখনই চুয়াডাঙ্গা জেলা ব্যাপি ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিতে জেলার দর্শনা পৌরসভার উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে গণসচেতনামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে দর্শনা পৌরসভার হল রুমে ডেঙ্গু গণ সচেতনতা মূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুর সভাপতিত্বে এ গণসচেতনামৃলক আলোচনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন দর্শনা পৌর আওয়ামীগের সহ-সভাপতি শফিকুল ইসলাম, দর্শনা ফাজিল (ডিএস) মাদ্রাসার সুপার শফি

উদ্দিন, আওয়ামীলীগ নেতা মোজাহারুল ইসলাম।

দর্শনা পৌরসভার প্যানেল মেয়র রবিউল হক সুমনের উপস্থাপনায় উপস্থিত থেকে আরো বক্তব্য রাখেন, দর্শনা গণ উন্নয়ন গ্রন্থগারের (সিডিএল) পরিচালক আবু সুফিয়ান, সমাজ সেবক জাহিদুল ইসলাম, রেলবাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান, শিক্ষক হারুন অর রশিদ, আওয়ামীলীগ নেতা ফয়সাল আহম্মেদ, প্রমুখ।

ডেঙ্গু প্রতিরোধে গাংনীতে হাঙ্গারের সচেতনতা কর্মসূচি

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে দি হাঙ্গার প্রজেক্টের উদ্যোগে মাসব্যাপি ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা কর্মসূচি আয়োজন করা হয়েছে।

এর অংশ হিসেবে প্রতিদিন বিভিন্ন গ্রামে দি হাঙ্গার প্রজেক্টের স্বেচ্ছাসেবিরা একটি সচেতনতামূলক র্যালি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

দি হাঙ্গারের স্বেচ্ছাসেবি ও কর্মকর্তাবৃন্দ বিভিন্ন সচেতনতামূলক বক্তব্য সম্বলিত প্ল্যাকার্ড ও ফেস্টুন হাতে এ র্যালিতে অংশ নেন। দি হাঙ্গার প্রজেক্টর গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দীন, ভিটিআর সিরাজুল ইসলামসহ ইউনিয়ন সমন্বয়কারী ও স্থানীয় স্বেচ্ছাসেবিরা এ কর্মসূচিতে যোগ দেন।

পাশাপাশি দি হাঙ্গারের উদ্যোগে এলাকার ঝোপঝাড়, ড্রেন ও খানাখন্দে জমে থাকা পানিতে ফগার এবং স্প্রের সাহায্যে মশক নিধনের ওষুধ ছিটানো হয়। এছাড়া বিভিন্ন এলাকার পথচারী ও বাসিন্দাদের মধ্যে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক লিফলেট বিতরণ করেন স্বেচ্ছাসেবিরা।

দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া সমন্বয়কারি হেলাল উদ্দীন বলেন, বর্তমান সময়ে ডেঙ্গু মানুষের মাঝে আতংক তৈরী করেছে। তাই

হাঙ্গার প্রজেক্টের স্বেচ্ছাসেবি ও ইয়ূথ এন্ডিং হাঙ্গারের ছেলে মেয়েরা প্রতিটি গ্রামে গ্রামে মানুষের মাঝে সচেতনতা সৃষ্টিতে কাজ করছেন। বিশেষ করে উঠান বৈঠক, ঝোপ ঝাড় পরিস্কার করাসহ ডেঙ্গুবাহি মশার জিবানু ধ্বংশ করতে কাজ করছে।

মেহেরপুরে ডেঙ্গু প্রতিরোধে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর মশারি বিতরণ

মেহেরপুরে ডেঙ্গু প্রতিরোধে মশারি বিতরণ করেছেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। রবিবার দুপুরে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টার মিলনায়তে ১ হাজার জনের মাঝে মশারি বিতরণ করা হয়।

এসময় জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন, শুধূ বাংলাদেশেই নয়, এশিয়া ও আফ্রিকা মহাদেশের বিভিন্ন দেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব বেড়েছে। এ বছর বৃষ্টি শুরু হয়েছে দেরিতে। যে কারণে ডেঙ্গুর প্রাদুর্ভাব বেড়েছে। মশার কামড় থেকে ডেঙ্গু রোগ হয়। তাই মশার কামড় থেকে যাতে আমরা বাঁচতে পারি সেজন্য মশারি ব্যবহার করতে হবে। আজ অসহায় এক হাজার মানুষের মাঝে এ মশারি বিতরণ করা হচ্ছে। আপনার সকলেই অলসতা না করে মশারি ব্যবহার করবেন।

মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদের সঞ্চালনায় মশারি বিতরণ অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, জেলা ইয়ং বাংলার সাধারণ সম্পাদক ইব্রাহিম আলী, সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি লুৎফুন্নেছা লতা ও সাধারণ সম্পাদিকা রোজিনা খাতুন, সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ, সদর উপজেলা ইয়ং বাংলা ফিউচার লিডারশিপের সভাপতি সানোয়ার হোসেন, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, মুজিবনগর উপজেলা ইয়ং বাংলা ফিউচার লিডারশিপের সভাপতি মতিউর রহমান মতিন, সাধারণ সম্পাদক হাসানুজ্জামান লাল্টু।

মেহেরপুর টিটিসিতে ডেঙ্গু প্রতিরোধে র্যালী ও আলোচনা সভা

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি’র) উদ্যোগে মেহেরপুরে ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম ও সচেতনতামূলক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (৬ আগষ্ট) সকাল ১০ টার দিকে মেহেরপুর টিটিসি অফিস চত্তরে এ রালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
মেহেরপুর টিটিসি’র হলরুমে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন অধ্যক্ষ আরিফ হোসেন তালুকদার।

আলোচনা সভায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক এসএম ওবায়দুল বাসার, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিউর রহমান মতি।

এর আগে ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম ও সচেতনতামূলক একটি র্যালী টিটিসি প্রাঙ্গণ থেকে বের করা হয়। র্যালীটি মেহেরপুর-কুষ্টিয়া সড়কের টিটিসি থেকে পুলিশ লাইনস পর্যন্ত ঘুরে এসে একই স্থানে শেষ হয়।

দামুড়হুদা মডেল থানার উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা

[redacted]

“[redacted],[redacted] [redacted]” [redacted] [redacted] [redacted]

[redacted]

[redacted]